



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.৩৮


তারিখ: ১ ফাল্গুন ১৪২৭

১৪ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: "পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা" ডিজিটাল সিস্টেম / সেবা চালুকরণ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে ব্যবহারের জন্য "পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা" নামক একটি ডিজিটাল সিস্টেম / সেবা চালু করা হয়েছে। "পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা" ডিজিটাল সিস্টেম / সেবার মাধ্যমে যে কোন পরিদর্শনকারী যে কোন স্থান হতে তাঁর পরিদর্শনের মৌলিক তথ্যসহ প্রতিবেদন আপলোড করতে পারবেন। পরিদর্শন প্রতিবেদন গ্রহণকারী কর্মকর্তা কে, কখন, কয়টি পরিদর্শন, পরিদর্শনের তারিখ ইত্যাদি তথ্য দিয়ে দাপ্তরিক প্রয়োজনমত পরিদর্শন প্রতিবেদন সাজাতে পারবে এবং যেকোন সময় দেখতে পারবে। প্রয়োজনে যে কোন প্রতিবেদন ডাউনলোড করতে পারবে এবং প্রিন্ট নিতে পারবে। এতে পরিদর্শন প্রতিবেদন গ্রহণকারী কর্মকর্তা সকল পরিদর্শন প্রতিবেদন সহজে, স্বল্প সময়ে ডিজিটালি ব্যবস্থাপনা করতে পারবে।

ডিজিটাল সিস্টেম / সেবাটি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mofl.gov.bd) ই-সার্ভিস মেন্যুতে নিম্নোক্ত ছবি মোতাবেক পাওয়া যাবে।



২। ইহা সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১৪-২-২০২১

মোঃ ইলিয়াস হোসেন

কর্মকর্তা(সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সিস্টেম এনালিস্ট

ফোন: ৯৫৪৫৪৫৯

ইমেইল: sa@mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.৩৮/১(৬)

তারিখ: ১ ফাল্গুন ১৪২৭
১৪ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, প্রশাসন-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৬) অফিস কপি।



১৪-২-২০২১

মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট